

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৯৩

বিলোনীয়া, ২৯ নভেম্বর, ২০২৩

বেটি বাঁচাও বেটি পড়াও

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক এক সেমিনার

বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পে আজ দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক এক সেমিনার অনুষ্ঠিত হয়। দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত এই সেমিনারে বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পে বালিকা মধ্যের গত এক বছরের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেমিনারের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্রাচরণ নোয়াতিয়া। সেমিনারের উদ্বোধন করে তিনি বলেন, ১৮ বছর বয়স পর্যন্ত সময় হল বালিকাদের সুন্দর ভবিষ্যত গড়ার গুরুত্বপূর্ণ সময়। এই সময়ে যদি মেয়েদের বিয়ে দেওয়া হয় তাহলে তাদের ব্যক্তিগত জীবন যেমন নষ্ট হয় তেমনি তা সমাজের পক্ষে ক্ষতিকর। তিনি বাল্যবিবাহ রোধে প্রশাসনের পাশে শিক্ষক, অভিভাবক সহ সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

সেমিনারে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের চেয়ারম্যান জয়স্তু দেববর্মা, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্ৰ গোপ, জেলা চাইন্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারম্যান লক্ষণ মালাকার। সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি কাকলী দাস দত্ত। স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক ও সমাহৃতা সাজু বাহিদ এ। অনুষ্ঠানে বাল্যবিবাহ প্রতিরোধে বালিকা মধ্যের ভূমিকা শীর্ষক একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। পাশাপাশি বালিকা মধ্যের সাহায্যে বাল্যবিবাহের হাত থেকে রক্ষা পাওয়া দুজন ছাত্রী তাদের অভিজ্ঞতা তুলে ধরে। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রীরা পরিবেশন করে সাংস্কৃতিক অনুষ্ঠান। ২০২২-২৩ অর্থবছরে বালিকা মধ্যের ভাল কাজের স্বীকৃতিস্বরূপ জেলার শ্রেষ্ঠ বিদ্যালয়, পঞ্চায়েত, বালিকা মধ্যের চেয়ারম্যান, কনভেনার, নোডাল অফিসার, মহকুমা শাসক ও পুলিশ আধিকারিককে সম্মাননা প্রদান করা হয়। উল্লেখ্য, বাল্য বিবাহ প্রতিরোধে দক্ষিণ ত্রিপুরায় মোট ১৫৯টি বিদ্যালয়ে এই বালিকা মধ্যে রয়েছে।
